



পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়



www.iau.edu.bd iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/প.নি./২০১৮/৩২৭

তারিখ : ১১/০৩/২০১৮খ্রি.

অধ্যক্ষ

বোয়ালমারী কামিল মাদরাসা

উপজেলা : সাঁথিয়া, জেলা : পাবনা

কেন্দ্র কোড : ৮৭৮

বিষয় : কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০১৭ অনুষ্ঠান উপলক্ষ্যে গত ১০/০৩/২০১৮ তারিখ পরীক্ষা কেন্দ্রে সংঘটিত ঘটনা সম্পর্কে ব্যাখ্যাদান প্রসঙ্গে।

জনাব,

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত কামিল ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০১৭ শুরু হয়েছে। 'দৈনিক শিক্ষা ডট কম' প্রকাশিত সংবাদের মাধ্যমে জানতে পারলাম যে, গত ১০ মার্চ কামিল স্নাতকোত্তর হাদিস ২০১৭ প্রথম পর্ব পরীক্ষায় নকল সহায়তায় এবং নকল করার দায়ে শিক্ষক শিক্ষার্থীসহ ১২ জনকে বহিস্কার করা হয়েছে। এর মধ্যে ৬ জন শিক্ষক এবং ৬ জন শিক্ষার্থী। সাঁথিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব জাহাঙ্গীর আলম তাদের বহিস্কার করেন। বহিস্কৃত শিক্ষকরা হলেন, ধুলাউড়ি কামিল মাদরাসার শিক্ষক মহাতাব হোসেন, রেজাউল করিম এবং বোয়ালমারী কামিল মাদরাসার শিক্ষক নজরুল ইসলাম, আব্দুর রহিম, হাফিজুর রহমান ও কামরুল ইসলাম। বহিস্কৃত শিক্ষার্থীরা হলেন- জেসমিন খাতুন, রোল নং-১৬৩০২৫৩৮৫। রবিউল ইসলাম, রোল নং-১৬৩০২৫৩৮৮। হোসেন আরা, রোল নং-১৬৩০২৫৪২৭। মিলন হোসেন, রোল নং-১৬৩০২৫৫১৩। জাহাঙ্গীর আলম, রোল নং-১৬৩০২৫৫১৭ এবং সাদ্দাম হোসেন, রোল নং-১৬৩০২৫৫২৩।

এ সংবাদে নকলমুক্ত ও সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে কর্তব্য পালনে আপনার অবহেলা প্রতিয়মান হয়েছে। কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনে আপনার অবহেলা এবং উল্লিখিত ঘটনার বিস্তারিত ব্যাখ্যাদানসহ ৬ জন শিক্ষক ও ৬ জন শিক্ষার্থীর পূর্ণ নাম-ঠিকানা আগামী ৭ (সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১১.০৩.২০১৮

(প্রফেসর ড. মোহাম্মদ ইলিয়াছ ছিদ্দিকী)
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিঃ দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিদর্শক (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা।
- ৫। উপাচার্য মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সভাপতি, গভর্নিং বডি, বোয়ালমারী কামিল মাদরাসা, সাঁথিয়া, পাবনা।
- ৭। আই.সি.টি শাখা (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৮। অফিস নথি।